103

দৈনিক বাংলা

তারিখ ... 22 APR 1995 ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৪ ...

# ঢাকা ভার্সিটিতে ১ জুলাই থেকে আর সেশনজট থাকবে না ঃ ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ বলেছেন আগামী ১ জুলাই থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর কোন সেশনজট থাকবে না। বৃহস্পতিবার ভাইস চ্যান্সেলরের কার্যালয়ে বিভিন্ন ছাত্র সংগঠন নেতৃবৃন্দের সঙ্গে এক মতবিনিময় অনুষ্ঠানে তিনি একথা বলেন, প্রফেসর এমাজউদ্দীন আহমদ বলেন, সেশনজট নিরসন করতে কঠোরভাবে একাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়নের চেষ্টা চালানো হচ্ছে। ভাইস চ্যান্সেলর বলেন, যে সকল পরীক্ষা এখনও স্থগিত রয়েছে সেগুলি আগামী বিভিন্ন ছুটির মধ্যে শেষ করা হবে। আগামী শিক্ষা বছরের একাডেমিক ক্যালেন্ডার সেশনজট মুক্ত করে প্রণয়ন করা হবে বলে তিনি জানান।

হরতাল অবরোধ এবং ছাত্র ধর্মঘটগুলোকে সেশনজটের অন্যতম কারণ হিসাবে চিহ্নিত করে ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দের প্রতি ভাইস চ্যান্সেলর তাদের আহূত ছাত্র ধর্মঘটের সময় পরীক্ষা ও প্রশাসনিক ভবনকে এর বাইরে রাখতে বলেন। ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দ ভাইস চ্যান্সেলর–এর প্রস্তাবের সঙ্গে ঐকমত্য পোষণ করেন।

মতবিনিময় সভায় ভাইস চ্যান্সেলর প্রিলিমিনারী ভর্তি সংক্রান্ত বিষয় নিয়েও আলোচনা করেন বলে ছাত্র সংগঠন সূত্রে জানা গেছে। সভায় এবার প্রিলিমিনারীতে ১০% আসন কমানো হবে বলে জানানো হয়। মতবিনিময় সভায় ছাত্রদলের সাধারণ সম্পাদক নাজিমউদ্দীন আলম, এ বি এম মোশাররফ হোসেন, মনির হোসেন মনির, ছাত্রলীগের (শা–পা) বাহাদুর ব্যাপারী, ছাত্রলীগ (কা–চু) ওবায়দুর রহমান চুন্নু, ছাত্র ইউনিয়নের কাজী সাজ্জাদ জহীর চন্দন, ছাত্র সমিতির সালেহ আহমদ, ছাত্রঐক্য ফোরামের আবদুর রহিম প্রমুখ উপস্থিত ছিলেন।